

আল-ওয়াকিয়া | Al-Waqi'a | الْوَاقِعَةُ

আয়াতঃ ৫৬ : ৭

আরবি মূল আয়াত:

وَكُنْتُمْ أَزْوَاجًا ثَلَاثَةً ﴿٧﴾

অনুবাদসমূহ:

আর তোমরা বিভক্ত হয়ে পড়বে তিন দলে। — আল-বায়ান

আর তোমরা হবে তিন অংশে বিভক্ত, — তাইসিরুল

এবং তোমরা বিভক্ত হয়ে পড়বে তিন শ্রেণীতে। — মুজিবুর রহমান

And you become [of] three kinds: — Sahih International

৭. আর তোমরা বিভক্ত হয়ে পড়বে তিন দলে—(১)

(১) ইবনে কাসীর বলেনঃ কেয়ামতের দিন সব মানুষ তিন দলে বিভক্ত হয়ে পড়বে। এক দল আরশের ডানপার্শ্বে থাকবে। তারা আদম আলাইহিস সালাম-এর ডানপার্শ্বে থেকে পয়দা হয়েছিল এবং তাদের আমলনামা তাদের ডান হাতে দেয়া হবে। তারা সবাই জান্নাতী। দ্বিতীয় দল আরশের বামদিকে একত্রিত হবে। তারা আদম আলাইহিস সালাম-এর বামপার্শ্বে থেকে পয়দা হয়েছিল এবং তাদের আমলনামা তাদের বাম হাতে দেয়া হবে। তারা সবাই জাহান্নামী। তৃতীয় দল হবে অগ্রবর্তীদের দল। তারা আরশাধিপতি আল্লাহর সামনে বিশেষ স্বাতন্ত্র্য ও নৈকট্যের আসনে থাকবে। তারা হবেন নবী, রাসূল, সিদ্দীক, শহীদগণ। তাদের সংখ্যা প্রথমোক্ত দলের তুলনায় কম হবে। [ইবন কাসীর] মহান আল্লাহ পবিত্র কুরআনের অন্যত্রও মানুষকে এ তিনটি ভাগে বিভক্ত করেছেন। আল্লাহ বলেন, “তারপর আমরা কিতাবের অধিকারী করলাম আমার বান্দাদের মধ্য থেকে যাদেরকে আমরা মনোনীত করেছি; তবে তাদের কেউ নিজের প্রতি অত্যাচারী, কেউ মধ্যমপন্থী এবং কেউ আল্লাহর ইচ্ছায় কল্যাণের কাজে অগ্রগামী। এটাই মহানুগ্রহ—” [সূরা ফাতির: ৩২]

তফসীরে জাকারিয়া

(৭) এবং তোমরা বিভক্ত হয়ে পড়বে তিন শ্রেণীতে। [1]

[1] أَصْنَافًا (শ্রেণী বা প্রকার) এর অর্থ।

তফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন